# প্রশ্নোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ হজ্জের ধারাবাহিক কাজ

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

হজ্জের ধারাবাহিক কাজ

| তারিখ | স্থান | করনীয় ইবাদত |
|---|---|---|
| ৮ই যিলহজ্জের পূর্বের কাজ | মীকাত | (১) মীকাত থেকে ইহরাম বাঁধবেন। |
| | মক্কা | (২) কাবা ঘরে উমরার তাওয়াফ করবেন।<br>(৩) সাঈ করবেন।<br>(৪) চুল কেটে হালাল হয়ে যাবেন। |
| হজ্জের ধারাবাহিক কাজ | | |
| ৮ই যিলহজ্জ তারউইয়্যার দিন | মিনা | নিজ বাসস্থান থেকে ইহরাম বেঁধে হজ্জের নিয়ত করে সূর্যোদয়ের পর মিনায় রওয়ানা হবেন। সেখানে যুহর, আসর, মাগরিব, এশা ও ফজরের সালাত আদায় করবেন। |
| ৯ই যিলহজ্জ (আরাফার দিন) | আরাফা ময়দান | (১) সূর্যোদয়ের পর আরাফাতে রওয়ানা হবেন।<br>(২) যুহরের প্রথম ওয়াক্তে যুহর ও আসর পড়বেন একত্রে পরপর দুই দুই রাকআত করে।<br>(৩) সূর্যাস্তের পর মুযদালিফায় রওয়ানা করবেন। মাগরিব-এশা সেখানেই পড়বেন।<br>(৪) সেখানে রাত্রি যাপন করে প্রথম ওয়াক্তে অন্ধকার থাকতেই ফজর পড়বেন।<br>(৫) আকাশ ফর্সা হওয়া পর্যন্ত কেবলামুখী হয়ে হাত তুলে দীর্ঘ সময় দোয়া ও মোনাজাতে মশগুল থাকবেন।<br>(৬) বড় জামারায় নিক্ষেপের জন্য ৭টি কংকর এখান থেকে কুড়াতে পারেন। |
| ১০ ই যিলহজ্জ (ঈদের দিন) | মিনা | (১) বড় জামরায় ৭টি কংকর নিক্ষেপ করবেন।<br>(২) কুরবানী করবেন।<br>(৩) চুল কাটাবেন। অতঃপর ইহরামের কাপড় বদলিয়ে সাধারণ পোষাক পরে ফেলবেন। |
| | মক্কা | (৪) তাওয়াফে ইফাদা করবেন। এদিন না পারলে এটি ১১ বা ১২ তারিখেও করতে পারবেন এবং তৎসঙ্গে সাঈও করবেন। |
| ১১ ই যিলহজ্জ (আইয়ামে তাশরীক)<br>১ম দিন | মিনা | (১) দুপুরের পর সিরিয়াল ঠিক রেখে প্রথমে ছোট, মধ্যম ও এর পরে বড় জামরায় প্রত্যেকটিতে ৭টি করে কংকর নিক্ষেপ করবেন।<br>(২) মিনায় রাত্রি যাপন করবেন। |
| ১২ ই যিলহজ্জ (আইয়ামে তাশরীক)<br>২য় দিন | মিনা | ১) পূর্বের নিয়ম অনুযায়ী ৩টি জামরায় ৭+৭+৭=২১টি কংকর নিক্ষেপ করবেন। দুপুরের আগে কংকর নিক্ষেপ করবেন না।<br>(২) সূর্যাস্তের আগে মিনা ত্যাগ করবেন। তা না পারলে আজ দিবাগত রাতও মিনায় কাটাবেন। |
| ১৩ ই যিলহজ্জ (আইয়ামে তাশরীক)<br>৩য় দিন | মিনা | (১) যারা গত রাত মিনায় কাটিয়েছেন তারা আজ দুপুরের পর পূর্ব দিনের নিয়মেই ৭টি করে মোট ২১ টি কংকর মারবেন। অতঃপর মিনা ত্যাগ করবেন। |
| অতঃপর | মক্কা | দেশে ফেরার পূর্বে বিদায়ী তাওয়াফ করবেন। |

Source — https://www.hadithbd.com/books/link/?id=503

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন